খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ: ২০১৬-২০১৭

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। পুরকৌশল, তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল এবং যন্ত্রকৌশল অনুষদসমূহে ১৪টি বিভাগে সর্বমোট ১০০৫টি আসনে শিক্ষার্থী ভর্তি করা হবে। নিম্নের ছকে অনুষদভিত্তিক বিভিন্ন বিভাগ/বিষয়ের নাম, কোড ও আসন বিভাজন উল্লেখ করা হলো।

১। বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:

ক) প্রার্থীকে ২০১৬ ইং সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় পাশ হতে হবে অথবা ২০১৫ ইং সালের নভেম্বরের পরে ‘A’ লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড থেকে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ পেয়ে পাশ হতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

গ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী এ চার বিষয়ে কমপক্ষে মোট জিপি ১৯.০০ (উনিশ) ও ইংরেজী মাধ্যম/বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে। এছাড়া বায়ো-মেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে সংশ্লিষ্ট প্রার্থীকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জীব বিজ্ঞানে কমপক্ষে জিপি ৪.০০ থাকতে হবে।

ঘ) প্রার্থী GCE ‘O’ লেভেল এবং ‘A’ লেভেল পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE ‘O’ লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি বিষয়ে ন্যূনতম ‘B’ গ্রেড পেয়ে পাশ হতে হবে। GCE ‘A’ লেভেল পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন ও গণিতে পৃথক পৃথকভাবে কমপক্ষে ‘B’ গ্রেড পেয়ে পাশ হতে হবে।

২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী নির্বাচন:

নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সকল বৈধ আবেদনপত্রের মধ্য থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী-এ চার বিষয়ে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে একটি মেধা তালিকা তৈরী করা হবে। প্রার্থী সংখ্যা বেশী হলে এ তালিকা থেকে প্রথম ১০,০০০ (দশ হাজার) জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে ১০,০০০তম প্রার্থী একাধিক হলে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যথাক্রমে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ইংরেজীতে প্রাপ্ত গ্রেডের ভিত্তিতে ১০,০০০তম প্রার্থীর মধ্য থেকে ন্যূনতম সংখ্যক প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

৩। ভর্তি সংক্রান্ত সময়সূচী:

ক)	আবেদনপত্র অনলাইনে পূরণ ও Submission শুরু	১৯ সেপ্টেম্বর, ২০১৬ ইং সোমবার, সকাল ১০-০০ মি.
খ)	আবেদনপত্র অনলাইনে পূরণ ও Submission শেষ	২৮ সেপ্টেম্বর, ২০১৬ ইং বুধবার, রাত ১১-৫৯ মি.
গ)	A, T বা P চিহ্নিত আবেদনপত্র জমা দেয়া শেষ	২৯ সেপ্টেম্বর, ২০১৬ ইং বৃহস্পতিবার, বিকাল ৫-০০ মি.
ঘ)	ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ	৯ অক্টোবর, ২০১৬ ইং রবিবার
ঙ)	**ভর্তি পরীক্ষার তারিখ ও সময়**	**২৮ অক্টোবর, ২০১৬ ইং, শুক্রবার** **সকাল ৯-৩০মি. হতে দুপুর ১২-০০মি. পর্যন্ত।**
চ)	ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মেধাক্রমের তালিকা প্রকাশ, বিভাগ পছন্দ প্রদানের নির্দেশনা, ভর্তির নিয়মাবলী ও ভর্তির তারিখ ঘোষণা	৮ নভেম্বর, ২০১৬ ইং মঙ্গলবার

আসন সংখ্যা

	বিভাগ/বিষয়	কোড	আসন
	পুরকৌশল অনুষদ		
১	সিভিল ইঞ্জিনিয়ারিং	CE	১২০
২	বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট	BECM	৬০
৩	আরবান এন্ড রিজিওনাল প্লানিং	URP	৬০
৪	আর্কিটেকচার	Arch	৪০
	তড়িৎ ও ইলেক্ট্রনিক অনুষদ		
১	ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং	EEE	১২০
২	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	CSE	১২০
৩	ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং	ECE	৬০
৪	বায়ো-মেডিকেল ইঞ্জিনিয়ারিং	BME	৩০
৫	ম্যাটেরিয়াল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	MSE	৬০
	যন্ত্রকৌশল অনুষদ		
১	মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং	ME	১২০
২	ইন্ডাষ্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং	IPE	৬০
৩	লেদার ইঞ্জিনিয়ারিং	LE	৬০
৪	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং	TE	৬০
৫	এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	ESE	৩০

সকল ইঞ্জিনিয়ারিং কোর্সে ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী যার মধ্যে ইন্ডাষ্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগ হতে ইন্ডাষ্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রদান করা হয়। এছাড়া আরবান এন্ড রিজিওনাল প্লানিং-এ ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী এবং আর্কিটেকচারে ৫ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী প্রদান করা হয়। ১০০৫টি আসনের মধ্যে সংরক্ষিত আসন রয়েছে ৫টি (ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীদের এবং চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলার অধিবাসীদের জন্য)।

৪। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও নির্ধারিত নম্বর:

২০১৬ ইং সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে যে পাঠ্যসূচী ছিল প্রধানতঃ তার উপর এবং **Functional English**-এর উপর ভিত্তি করে ২ ঘন্টা ৩০ মিনিট ব্যাপী সর্বমোট ৫০০ নম্বরের পরীক্ষা MCQ পদ্ধতিতে নেয়া হবে। MCQ **পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ২৫% নম্বর কাটা যাবে**। বিষয় ভিত্তিক প্রশ্ন সংখ্যা ও নম্বরের বিন্যাস নিম্নরূপ:

বিষয়	প্রশ্ন সংখ্যা	মোট নম্বর	সর্বমোট নম্বর
গণিত	২৫	১৫০	৫০০
পদার্থবিদ্যা	২৫	১৫০	
রসায়ন	২৫	১৫০	
ইংরেজী	২৫	৫০	

৫। ভর্তি সংক্রান্ত সকল তথ্যাবলী admission.kuet.ac.bd ওয়েবসাইট ও বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে এবং যে কোন প্রয়োজনীয় তথ্যের জন্য রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর দপ্তরে ভর্তি শাখায় (PABX: +880-41-769468 Ext. 139, 189) যোগাযোগ করা যাবে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে admission@kuet.ac.bd-তে e-mail করা যেতে পারে।

প্রফেসর ড. তারাপদ ভৌমিক
সভাপতি, ভর্তি কমিটি, ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক
ও ডীন, যন্ত্রকৌশল অনুষদ
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ওয়েবসাইট: **admission.kuet.ac.bd**